



কুমিল্লা জেলা পরিষদ

www.zp.cumillazp.gov.bd

স্মারক নং: ৪৬.২০.৪৬.০০.০০১.৪১.০১০.২৪ - ৫০৪

তারিখঃ ২৩.১০.২০২৪খ্রিঃ

মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন শিক্ষাবৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের মাঝে ২০২৩ সালে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্র-ছাত্রী যারা বর্তমানে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছেন তাদেরকে কুমিল্লা জেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের নিজস্ব তহবিলের আওতায় এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে ও সময়ে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আর্থিক অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদনের শর্তাবলী

- ১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২৩ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জি.পি.এ- ৫.০০ থাকতে হবে। তবে এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় জি.পি.এ-৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ২। ২০২৩ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জি.পি.এ- ৫.০০ প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা বর্তমানে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অবশ্যই অধ্যয়নরত থাকতে হবে।
- ২। মুক্তিযোদ্ধা পোষ্য/প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে জি.পি.এ-৪.৫০ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রমাণের জন্য কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারীকে অবশ্যই কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে স্থানীয় সিটিকর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র অথবা জন্মসনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর/মতামতসহ আগামী ২৮/১১/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা বরাবর সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ব্যতিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ও ০২(দুই) কপি স্টাম্প সাইজের সত্যায়িত (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ছবি (ছবির উপরে নাম লেখা অবস্থায়) সংযুক্ত করতে হবে।
- ৭। আর্থিক অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনকারীকে অভিভাবকের আর্থিক অস্বচ্ছলতার বিষয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/ অভিভাবকের অফিস প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৮। আবেদনের জন্য নির্ধারিত আবেদন ফরম কুমিল্লা জেলা পরিষদ কার্যালয়/জেলা পরিষদ এর ওয়েবসাইট (zp.cumilla.gov.bd) এবং জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।
- ৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এতদবিষয়ে প্রকাশিত বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংশোধন/পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। প্রয়োজনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি কুমিল্লা জেলা পরিষদে কর্মরত সীটলিপিকার জনাব গুলজার আহমেদ(মোবাইল: ০১৫৭১৪৮৬৩৮৫), জনাব মো: আবু সায়েম, নিম্নমান সহকারী (মোবাইল: ০১৬২৫-৫৯০১২৯) এবং জেলা পরিষদ, কুমিল্লার ওয়েবসাইট zp.cumilla.gov.bd থেকে জানা যাবে।

(তাসলিমুন নেছা)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, কুমিল্লা

ফোন: ০২৩৩৪৪৩৮৭৮৩

e-Mail: cumillazp@gmail.com

zpcumilla@lqd.gov.bd

২৩/১০/২৪



জেলা পরিষদ, কুমিল্লা।

zp.cumilla.gov.bd

২ কপি পাসপোর্ট
সাইজের সত্যায়িত
রঙিন ছবি

এককালীন শিক্ষাবৃত্তি প্রাপ্তি আবেদন ফর্ম-২০২৩

- ১। ছাত্র/ছাত্রীর নাম :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। স্থায়ী ঠিকানা :
(ক) গ্রাম/মহল্লা : (খ) ডাকঘর :
(গ) উপজেলা : (ঘ) জেলা :
- ৫। বর্তমান ঠিকানা :
(ক) গ্রাম/মহল্লা : (খ) ডাকঘর :
(গ) উপজেলা : (ঘ) জেলা :
- ৬। যোগাযোগ :
(ক) আবেদনকারীর মোবাইল নম্বর :
(খ) অভিভাবকের মোবাইল নম্বর :

৭। ২০২৩ সালের এস.এস.সি/সমমান অথবা এইচ.এস.সি/সমান পরীক্ষার বিবরণ:-

পরীক্ষার নাম		প্রাপ্ত জিপিএ	
রোল নং		প্রাপ্ত নম্বর	
রেজিস্ট্রেশন নম্বর		শিক্ষাবর্ষ	
শিক্ষা প্রতিষ্ঠানের নাম			
শিক্ষাবোর্ড		পঠিত বিভাগ	

৮। অভিভাবকের পেশা :

৯। অভিভাবকের বার্ষিক আয় : টাকা

১০। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের বিবরণ:-

ক	অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	
খ	যে শ্রেণিতে অধ্যয়নরত	
গ	পঠিত বিভাগ	
ঘ	রোল নম্বর	
ঙ	শিক্ষাবর্ষ	

১১। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয়

প্রধানের সুপারিশ/মতামত ও স্বাক্ষর :

স্বাক্ষর

১২। আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান/উপজাতি/প্রতিবন্ধী কি ন?

১৩। উপরোল্লিখিত তথ্যাদি সঠিক মর্মে আমি ঘোষণা করছি।

তারিখ:

(আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর)